"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং-৫৭.০৩.০০০০.০১৯.২৩.০১৩.১৯-৩০৫ তারিখঃ ১৮ নভেম্বর, ২০১৯খ্রিঃ

**বিষয়: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের উপলক্ষ্যে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধকে জানি' শীর্ষক কর্মসূচির আওতায় কারিগরি মাদ্রাসা স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

**সূত্র** : কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.৩৪.০০৫.১৯-১৮, তারিখঃ ১৪ নভেম্বর, ২০১৯খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুযায়ী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের উপলক্ষ্যে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধকে জানি' শীর্ষক কর্মসূচির আওতায় শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৬ষ্ঠ বৈঠকে গৃহীত ৯(ঘ) সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ( ৬ পাতা )

১৮/১১/১৯

(প্রকৌ. মোঃ খুরশিদ আলম)
সহকারী পরিচালক

**সদয় কার্যার্থে বিতরণ (জেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা/ইঞ্জিনিয়ারিং কলেজ(সকল)/আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কার্যালয় (সকল বিভাগ)।

২। অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট(সকল)/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

৩। অধ্যক্ষ, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট/ গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/গ্লাস এন্ড সিরামিক ইনস্টিটিউট/সার্ভে ইনস্টিটিউট, কুমিল্লা ।

৪। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)।

৫। আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল)।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। পরিচালক(প্রশাসন/পিআইডব্লিউ/ভেকেশনাল/পরি: ও উন্নয়ন/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। সহকারী পরিচালক (শাখা-(১/৬/৭), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েভ সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সংরক্ষন নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সংসদ শাখা
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.৩৪.০০৫.১৯-১৮

তারিখঃ ২৯ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
১৪ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধকে জানি' শীর্ষক কর্মসূচির আওতায় কারিগরি ও মাদ্রাসা স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্রঃ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় এর স্মারক নং ১১.০০.০০০০.৭০৭.৭২.০০৭.১৯-১৪৩, তারিখঃ ০৪/১১/২০১৯ খ্রিঃ।

সূত্রোস্থ স্মারক মারফত প্রেরিত একাদশ জাতীয় সংসদের শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৬ষ্ঠ বৈঠকের সিদ্ধান্ত মোতাবেক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধকে জানি' শীর্ষক কর্মসূচি গ্রহণ করতঃ শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৬ষ্ঠ বৈঠকে গৃহীত ৯(ঘ) সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৪/১১/২০১৯
(মোঃ হুমায়ূন কবীর)
সহকারী সচিব (সংসদ)
মোবাইলঃ ০১৮১৭-১১৪৬৫৩
jstmed7@gmail.com

বিতরণ সদয় কার্যার্থে:
১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ৩৭/৩/এ রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:
১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অফিস কপি।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
কমিটি শাখা-৭
www.parliament.gov.bd

নং ১১.০০.০০০০.৭০৭.৭২.০০৭.১৯.১৪৩

তারিখ: ১৯ কার্তিক, ১৪২৬
০৪ নভেম্বর, ২০১৯

বিষয়: **একাদশ জাতীয় সংসদের 'শিক্ষা' মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র ৬ষ্ঠ বৈঠকের কার্যবিবরণী প্রেরণ।**

একাদশ জাতীয় সংসদের শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৬ষ্ঠ বৈঠক গত ২৩ অক্টোবর ২০১৯ খ্রিঃ (০৭ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ) তারিখে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত বৈঠকের কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(শাহ মাহমুদ সিদ্দিক)
উপসচিব
শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি
ফোন নং-৯১১০২৭৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সহকারী সচিব (কমিটি-২), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (সিএস) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

( কমিটি শাখা-৭)

বিষয় ঃ <u>একাদশ জাতীয় সংসদের 'শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র ৬ষ্ঠ বৈঠকের কার্যবিবরণী</u>।

তারিখ ঃ ২৩-১০-২০১৯ খ্রিষ্টাব্দ (০৭ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ)

সময় ঃ বেলা ১২-৩০ ঘটিকা

স্থান ঃ সংসদ ভবনস্থ পশ্চিম ব্লকের ২য় লেভেলে অবস্থিত ১নং স্থায়ী কমিটি কক্ষ।

সভাপতি ঃ জনাব মোঃ আফছারুল আমীন, এমপি, ২৮৭ চট্টগ্রাম-১০।

২। বৈঠকে কমিটির নিম্নোক্ত মাননীয় সদস্যগণ উপস্থিত ছিলেন ঃ

| ক্রমিক নং | নাম | পদবী | নির্বাচনী এলাকা |
|---|---|---|---|
| ১। | ডাঃ দীপু মনি, মন্ত্রী | সদস্য | ২৬২ চাঁদপুর-৩ |
| ২। | জনাব মহিবুল হাসান চৌধুরী, উপমন্ত্রী | সদস্য | ২৮৬ চট্টগ্রাম-৯ |
| ৩। | জনাব মোঃ আব্দুল কুদ্দুস | সদস্য | ৬১ নাটোর-৪ |
| ৪। | জনাব এ. কে. এম শাহাজাহান কামাল | সদস্য | ২৭৬ লক্ষীপুর-৩ |
| ৫। | জনাব ফজলে হোসেন বাদশা | সদস্য | ৫৩ রাজশাহী-২ |
| ৬। | জনাব মোঃ আবদুস সোবহান মিয়া | সদস্য | ২২০ মাদারীপুর-৩ |
| ৭। | জনাব গোলাম কিবরিয়া টিপু | সদস্য | ১২১ বরিশাল-৩ |

৩। বৈঠকে সহায়তা প্রদানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্যসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

৪। বৈঠকে সাচিবিক সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের অতিরিক্ত সচিব (সিএস) ও কমিটি সচিব খোদেজা আক্তার খানম, উপসচিব শাহ মাহমুদ সিদ্দিক, উপপরিচালক (রিপোর্টিং) জনাব মোঃ সেলিম মৃধা ও জনাব মোঃ এনামুল হক মজুমদার এবং সহকারী পরিচালক (গণসংযোগ) জনাব মোঃ সাব্বির মাহমুদসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

৫। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বৈঠকের কাজ শুরু করেন।

৬। <u>বিগত বৈঠকের কার্যবিবরণী নিশ্চিতকরণ</u> ঃ

৬.১। বিগত পঞ্চম বৈঠকের কার্যবিবরণী উপস্থাপিত আকারে সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরণ করা হয়।

৭। পঞ্চম বৈঠকের সিদ্ধান্ত/সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা ঃ

৭.১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব পঞ্চম বৈঠকে গৃহীত সিদ্ধান্ত/সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত একটি প্রতিবেদন কমিটিতে উপস্থাপন করেন। তিনি সংক্ষিপ্ত ব্যাখ্যায় বলেন, শিক্ষা কার্যক্রম সঠিকভাবে পরিচালনার ক্ষেত্রে মনিটরিং ব্যবস্থা জোরদার করার পাশাপাশি এ কার্যক্রম আরও যুগোপযোগী করার লক্ষ্যে একটি সফটওয়ার তৈরি করা হচ্ছে, যেটি ব্যবহার করে দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সকল তথ্য দেশের প্রতিটি নাগরিক তাৎক্ষণিকভাবে জানতে পারবেন।

৭.২। সভাপতি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীনস্থ বিভাগীয় পরিচালকগণ কর্তৃক সংশ্লিষ্ট অঞ্চলের কলেজের ও স্কুলগুলোকেও আকস্মিক পরিদর্শনের আওতায় আনার পরামর্শ দেন। এছাড়া Learning Assessment of Secc Institutions এর মাধ্যমে বাস্তবে শিক্ষার মান উন্নয়নের ক্ষেত্রে কোনো সুফল বয়ে আনবে কিনা; তা তিনি জানতে চা মাননীয় সদস্য জনাব মোঃ আব্দুল কুদ্দুসের নেতৃত্বে গঠিত সাব-কমিটির মেয়াদ আরও ৬ (ছয়) মাস বৃদ্ধির প্রস্তাব সমর্থন তিনি বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে উপযুক্ত শিক্ষক প্রাপ্তির নিশ্চয়তা সঠিকভাবে মূল্যায়ন না করে উপজেলা ও এলাকার কলেজগুলোতে অনার্স কোর্স চালুর অনুমতি দেওয়া হচ্ছে। আবার অনার্স ও মাস্টার্স কোর্স চালুর জন্য এমপি করার শর্তে শিক্ষক নিয়োগ দেওয়া হলেও পরবর্তীতে তারা সংগঠিত হয়ে বিভিন্ন ধরনের তদ্‌বির ও আন্দোলন করে থাকে ভবিষ্যতে যত্রতত্র অনার্স কোর্স খোলার অনুমতি না দিয়ে যে সকল কলেজে অনার্স কোর্স চালুর অনুমতি দেওয়া হয়েছে সে সঠিকভাবে পরিচালনার উপর তিনি গুরুত্বারোপ করেন। তিনি জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দৃষ্টি আকর্ষণ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি প্রক্রিয়া প্রথম পর্যায়ে শেষ করার ফলে পরবর্তীতে দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে সুযোগ পাওয়ার ফলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনেকগুলো আসন শূণ্য থেকে যায় এবং ঐ সকল ছাত্রছাত্রী দুই জায়গা কারণে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। বিষয়টি নিয়ে তিনি পরবর্তী সভায় আলোচনা করার অভিপ্রায় ব্যক্ত করেন।

৭.৩। মাননীয় মন্ত্রী ও কমিটির সদস্য ডাঃ দীপু মনি বলেন, SESIP ( Secondary Education Sector Inve Program) প্রকল্পের অধীনে নিয়োগকৃত পরিচালকগণ আঞ্চলিক পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত বিধায় তাদের কর্মপরিধির মধ্যে কলেজগুলো নির্দিষ্ট করে দেওয়া আছে। তবে উক্ত প্রকল্পে নিয়োজিত কর্মকর্তাদের রাজস্ব খাতে স্থানান্তরপূর্বক ব পুনর্বিন্যাস করা হচ্ছে, যেখানে স্কুলগুলো পরিদর্শনের দায়িত্বও তাদেরকে দেওয়া হবে বলে তিনি জানান। বর্তমান সরকা জেলায় একটি করে বিশ্ববিদ্যালয় করার পরিকল্পনা গ্রহণ করেছে বিধায় বিভিন্ন কলেজে অনার্স এবং মাস্টার্স কোর্স চালুর পুনর্বিবেচনা করা দরকার। তিনি আরও বলেন, বিভিন্ন কলেজে অনার্স ও মাস্টার্স কোর্স খোলার অনুমতি প্রদানের ক্ষে প্রতিষ্ঠানের শিক্ষার মান, প্রয়োজনীয়তা ও উপযোগিতা বিবেচনায় না নেওয়ার কারণে ঐ সকল শিক্ষাপ্রতিষ্ঠানগুলো বিপুল শিক্ষিত বেকার তৈরি করছে, যা জাতির জন্য বড় বোঝা হয়ে দেখা দিচ্ছে। সমস্যাটি সমাধানের লক্ষ্যে করণীয় সংশ্লিষ্টদের নিয়ে দ্রুত কাজ শুরু করার উপর তিনি গুরুত্বারোপ করেন।

৭.৪। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক সভাপতির এক প্রশ্নের জবাবে বলেন, বিশেষজ্ঞদের মতামতের ৬ষ্ঠ, ৮ম এবং ১০ম শ্রেণির শিক্ষার মান sampling পদ্ধতিতে assessment করা হয় এবং assessment প্রতিবে বছর শিক্ষার মান ২% হারে উন্নতি হচ্ছে বলে তিনি উল্লেখ করেন।

৭.৫। মাননীয় সদস্য জনাব মোঃ আব্দুল কুদ্দুস বেসরকারি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, কলেজ এবং দাখিল মাদ্রাসা ব কমিটি/গভর্ণিং বডির সভাপতি ও সদস্যদের শিক্ষাগত যোগ্যতা নির্ধারণের বিষয়ে একটি প্রস্তাবনা মূল কমিটিতে উপস্থাপ তাঁর নেতৃত্বে গঠিত সাবকমিটির প্রতিবেদন অসুস্থতার কারণে নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুত করতে না পারায় দুঃখ প্রকা এবং উক্ত কমিটির মেয়াদ আরও ৬ (ছয়) মাস বৃদ্ধির জন্য অনুরোধ জানান। একই সাথে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়া নেতৃত্বে বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যানগণ কর্তৃক এ বিষয়ে প্রস্তুতকৃত প্রস্তাবনার একটি কপি সাব-কমিটিকে প্রদানের জ পরামর্শ প্রদান করেন।

৭.৬। জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিভিন্ন কলেজে অনার্স ও মাস্টার্স কোর্স চালুর বিদ্যমান নীতিমালা সম্পর্কে কমিটিকে অবহিত করেন। তিনি বলেন, সরকারি কলেজে অনার্স কোর্স চালুর অনুমতি না দিলে সেখানে শিক্ষক পদায়ন করা হয়না বিধায় অনেক সময় মন্ত্রণালয়ের সুপারিশক্রমে অনুমোদন দেওয়া হয়। কিন্তু বেসরকারি কলেজে অনার্স কোর্স চালুর ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান থেকে যে সকল কাগজপত্র ও শর্ত পূরণের অঙ্গিকার করা হয়, বাস্তবে তা করা হয়না বলে তিনি উল্লেখ করেন। তিনি মাননীয় সভাপতির বক্তব্যের প্রেক্ষিতে বলেন, এসএসসি এবং এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি করা হয় এবং এই ভর্তি প্রক্রিয়া দ্রুত শেষ করে শিক্ষা কার্যক্রম যথাসময়ে শুরু করার কারণেই আড়াই থেকে তিন বছরের সেশনজট থেকে ছাত্রছাত্রীদের মুক্তি দেওয়া সম্ভব হয়েছে বলে তিনি জানান।

**৮। "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম শতবার্ষিকী উদযাপন" বিষয়ে আলোচনা ও সুপারিশ:**

৮.১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সচিব "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন" বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত বছরব্যাপী বিভিন্ন কর্মসূচির উপর ভিত্তি করে একটি বিস্তারিত কার্যপত্র বৈঠকে উপস্থাপন করেন এবং সংক্ষিপ্ত ব্যাখ্যা দেন।

৮.২। মাননীয় উপমন্ত্রী ও কমিটির সদস্য জনাব মহিবুল হাসান চৌধুরী "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্ম শতবার্ষিকী উদযাপন" উপলক্ষ্যে উপস্থাপিত খসড়া কর্মসূচিতে বঙ্গবন্ধুর স্মৃতিবিজড়িত চট্টগ্রামের লালদিঘি ময়দান ডিজিটাল সার্ভে করে এটিকে দৃষ্টিনন্দনপূর্বক রাজনৈতিক কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দুতে পরিণত করার একটি কর্মসূচি গ্রহণের প্রস্তাব করেন।

৮.৩। মাননীয় মন্ত্রী ও কমিটির সদস্য ডাঃ দীপু মনি "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে গৃহীত কর্মসূচির মধ্যে বঙ্গবন্ধুর স্মৃতিবিজড়িত চট্টগ্রামের লালদিঘি ময়দানকে দৃষ্টিনন্দন করে এটিকে রাজনৈতিক কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দুতে পরিণত করার প্রস্তাবকে সমর্থন করেন এবং এ ব্যাপারে ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলীকে দ্রুত প্রস্তাবনা পেশ করা নির্দেশ দেন।

৮.৪। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বলেন, "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধকে জানি" শীর্ষক কর্মসূচির মাধ্যমে বাংলাদেশের প্রতিটি স্কুলের সপ্তম শ্রেণির শিক্ষার্থীদের ১০ জন করে একটি গ্রুপ সংশ্লিষ্ট এলাকার মুক্তিযোদ্ধাদের সাথে সাক্ষাতের মাধ্যমে মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত স্থান ও বদ্ধভূমি পরিদর্শনপূর্বক একটি ডকুমেন্ট তৈরি করা হচ্ছে। মাঠ পর্যায়ে প্রস্তুতকৃত ডকুমেন্টগুলো উপজেলা, জেলা এবং অঞ্চল পর্যায় হয়ে জাতীয় পর্যায়ে উপস্থাপন করা হবে এবং সেখান থেকে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের উপর দুটি বড় ডকুমেন্ট তৈরির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বলে তিনি জানান।

৮.৫। সভাপতি "মুক্তিযুদ্ধকে জানি" শীর্ষক কর্মসূচির আওতায় যে সকল ব্যক্তিকে শ্রেণিকক্ষে বক্তব্য প্রদানের জন্য পাঠানো হচ্ছে, তাঁদের অতীত রাজনীতির ধারাবাহিকতা বিবেচনায় নেওয়া এবং তাদেরকে উপযুক্ত সম্মানী প্রদানের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনার পরামর্শ দেন। তিনি অবশিষ্ট আলোচ্যসূচী আগামী সভায় আলোচনা করার ইচ্ছা ব্যক্ত করেন।

৮.৬। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উলপক্ষ্যে পৃথিবীর বিখ্যাত বিশ্ববিদ্যালয়ের স্বনামধন্য ব্যক্তিবর্গকে নিয়ে চতুর্থ শিল্প বিপ্লবের উপর ভিত্তি করে তিনদিন ব্যাপী একটি আন্তর্জাতিক সম্মেলন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রী সদয় সম্মতি জ্ঞাপন করেছেন বলে তিনি কমিটিকে অবহিত করেন।

৯। <u>বিস্তারিত আলোচনান্তে গৃহীত সিদ্ধান্ত/ সুপারিশসমূহ নিম্নরূপ</u> :

(ক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীনস্থ প্রকল্পের আওতায় বিভিন্ন অঞ্চলের পরিচালকগণ কর্তৃক সংশ্লিষ্ট অঞ্চলের কলেজের পাশাপাশি স্কুলগুলোকেও আকস্মিক পরিদর্শনের আওতাভুক্ত করার সুপারিশ করা হয়;

(খ) মাননীয় সদস্য জনাব মোঃ আব্দুল কুদ্দুস-এর সভাপতিত্বে গঠিত শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১নং সাব-কমিটির মেয়াদ আরও ৬ (ছয়) মাস বৃদ্ধি করা হয়;

(গ) ভবিষ্যতে যত্রতত্র অনার্স কোর্স খোলার অনুমতি না দিয়ে যে সকল কলেজে অনার্স কোর্স চালুর অনুমতি দেওয়া হয়েছে সেগুলোকে সঠিকভাবে পরিচালনার সুপারিশ করা হয়;

(ঘ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও "মুক্তিযুদ্ধকে জানি" শীর্ষক কর্মসূচির আওতায় যে সকল ব্যক্তিকে শ্রেণিকক্ষে বক্তব্য প্রদানের জন্য পাঠানো হচ্ছে, তাদের অতীত রাজনীতির ধারাবাহিকতা বিবেচনায় নেওয়া এবং তাদেরকে উপযুক্ত সম্মানী প্রদানের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনার করার সুপারিশ করা হয়; এবং

(ঙ) শিক্ষার গুণগত মান ও এস.ডি.জি-৪ অর্জনের জন্য পরিকল্পনা গ্রহণ সম্পর্কিত আলোচ্যসূচী কমিটির আগামী বৈঠকে আলোচনা করা হবে।

১০। অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বৈঠকের সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আফছারুল আমীন
সভাপতি
শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী